



আঞ্চলিক পরিচালক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

আঞ্চলিক কেন্দ্র (সকল)।

অতীব জরুরী

বিষয় : বিএ এবং বিএসএস পরীক্ষা-২০১৬ এ অংশগ্রহণেচ্ছু ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ সিমেন্টারের বিষয়ভিত্তিক নিয়মিত ও পুনঃপরীক্ষার্থীর সংখ্যা প্রেরণ প্রসঙ্গে।

জনাব

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাউবি'র বিএ এবং বিএসএস পরীক্ষা-২০১৬ এ অংশগ্রহণেচ্ছু আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন স্টাডি সেন্টারসমূহের ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ সিমেন্টারের বিষয়ভিত্তিক নিয়মিত ও পুনঃপরীক্ষার্থীর সংখ্যা **Online**-এ পূরণ ও হার্ড কপি প্রেরণ সংক্রান্ত নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলো :

- ১। বিষয়ভিত্তিক শিক্ষার্থীর সংখ্যা প্রেরণের জন্য exam.bou.edu.bd ওয়েব সাইটে প্রশ্নের চাহিদা লিংকে প্রবেশ করে Online ফরমে উপ-আঞ্চলিক কেন্দ্র ও আঞ্চলিক কেন্দ্র তার আওতাধীন স্ব-স্ব স্টাডি সেন্টারসমূহের ডাটা Input এর কাজ আগামী ২৪/০২/২০১৭ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। লিংকে প্রবেশ করার আইডি ও পাসওয়ার্ড সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালকের E-mail এ প্রেরণ করা হলো। আঞ্চলিক পরিচালক তার আওতাধীন উপ-আঞ্চলিক কেন্দ্রের আইডি ও পাসওয়ার্ড সংশ্লিষ্ট উপ-আঞ্চলিক কেন্দ্র প্রধানদের প্রেরণ করবেন। ব্যবহারকারীগণ তাদের পাসওয়ার্ডটি Change Password Option এ গিয়ে পরিবর্তন করবেন।
- ২। Online-এ পূরণকৃত চাহিদার প্রিন্ট কপি পাওয়ার জন্য বর্ণিত Software টির মেন্যুবারের Report অংশে যেতে হবে এবং হার্ড কপি প্রিন্ট নিতে হবে। উক্ত হার্ড কপি স্ব-স্ব আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্র প্রধানের স্বাক্ষরসহ আগামী ২৮/০২/২০১৭ তারিখের মধ্যে সরাসরি পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর পৌঁছাতে হবে।
- ৩। উল্লিখিত Software টি ব্যবহার সংক্রান্ত কোন Help এর প্রয়োজন হলে জনাব মোঃ জুলহাস উদ্দিন, সহকারী প্রোগ্রামার, কম্পিউটার ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি, মোবাইল নং ০১৭৩৬-৩৬৫৮৭৮ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

এমতাবস্থায়, বিষয়টি আপনার আঞ্চলিক কেন্দ্র ও উপ-আঞ্চলিক কেন্দ্রের সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণ এবং নির্ধারিত তারিখের মধ্যে তথ্য প্রেরণ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদসহ।

(এ. এস. এম. নোমান আলম)
পরীক্ষা নিয়ন্ত্রক (দায়িত্ব প্রাপ্ত)

বিতরণ : কার্যার্থে।

১. পরিচালক (ভারপ্রাপ্ত), এসএসএস বিভাগ, বাউবি (নির্ধারিত তারিখের মধ্যে তথ্য প্রেরণের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)।
২. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হল)।
৩. উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী আঞ্চলিক পরিচালক/কো-অর্ডিনেটিং অফিসার, উপ-আঞ্চলিক কেন্দ্র (সকল), বাউবি।
৪. প্রোগ্রামার, কম্পিউটার ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি।
৫. জনাব মোঃ জুলহাস উদ্দিন, সহকারী প্রোগ্রামার, কম্পিউটার ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি।

অনুলিপি : অবগতির জন্য :

১. ডীন, এসএসএইচএল, বাউবি।
২. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সংরক্ষণ নথি।